

প্রিয় পিতামাতা কিংবা অভিভাবক:

আপনার সন্তানের স্কুলে একটি ছারপোকা (বেড বাগ) পাওয়ার বিষয়টি আমরা সম্পূর্ণ নিশ্চিত হয়েছি। ছারপোকা একটি যন্ত্রণাদায়ক পোকা, তবে এগুলো কোন ব্যাধির কারণ নয় কিংবা এগুলো ব্যাধি ছড়ায় বলে জানা যায়নি। ছারপোকারা সাধারণত রাতেই সক্রিয় হয় যখন তারা রক্ত শোষণ করতে পারে। এগুলোর কামড়ে প্রথমে তেমন ব্যথা হয় না, তবে পরে তা অনেকটা মশার কামড়ের মতো ফুলে যেতে ও চুলকাতে পারে। আপনি যদি নিজের বা সন্তানের ব্যাপারে উদ্বেগ হয়ে পড়েন, তাহলে আপনাকে ডাক্তার দেখাতে হবে।

ছারপোকা কোথেকে আসে, তা সাধারণত জানার উপায় নেই, কারণ এদেরকে হোটেল, বিমান, বাস, হাসপাতাল, ডিপার্টমেন্ট স্টোর ও সিনেমা হলসহ বিভিন্ন জায়গায় দেখা যায়। স্কুলে ছারপোকা পাওয়ার অর্থ নয় যে স্কুল-ভবনটিতে ছারপোকা ছড়িয়ে পড়েছে। নিজের অজান্তে ভবনটিতে অবস্থানকারী যে কেউ স্কুলে ছারপোকা নিয়ে আসতে পারে এবং এর ফলে ভবিষ্যতেও তা আমাদের দৃষ্টিগোচর হতে পারে।

যদিও স্কুলে ছারপোকার বংশবিস্তার করার এবং ছড়িয়ে পড়ার কথা নয়, তবুও ডিপার্টমেন্ট অব এডুকেশন পোকামাকড় শনাক্ত করা, স্কুলগুলোর জন্য পুঞ্জানুপুঞ্জ পরখ করা এবং লাইসেন্সধারী পোকামাকড় নিয়ন্ত্রক দিয়ে কক্ষগুলোতে প্রয়োজনানুযায়ী ওষুধ দেয়ার কাজ অব্যাহত রাখবে।

আপনার বাড়িতে এধরনের ছারপোকার অভিজ্ঞতা হয়ে থাকলে আমরা আপনাকে পেশাদার পোকামাকড় নিয়ন্ত্রক কোম্পানির বিশেষজ্ঞদের সহায়তা নেয়ার জোর সুপারিশ করছি।

ছারপোকা প্রতিরোধে আরও সহায়তার জন্য অনুগ্রহ করে নিম্নোল্লিখিত ওয়েবসাইট দেখুন:

- নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব হেলথ-এর “প্রিভেনটিং অ্যান্ড গেটিং রিড অব বেড বাগস্ সেফলি” ব্রোশিওর:
<http://www.nyc.gov/html/doh/downloads/pdf/vector/bed-bug-guide.pdf>
- নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব হেলথ-এর ভেক্টর সার্ভিল্যান্স অ্যান্ড কন্ট্রোল বেড বাগ-এর ওয়েবসাইট:
<http://www.nyc.gov/html/doh/html/vector/vector-faq1.shtml>
- ইউএস এনভায়রনমেন্টাল প্রটেকশন এজেন্সি (ইপিএ) ছারপোকা (বেড বাগ) সংক্রান্ত ওয়েবসাইট:
<http://www.epa.gov/bedbugs/>

ছারপোকা সম্পর্কে আপনার আরও কোন প্রশ্ন থাকলে বাড়তি সহায়তার জন্য অনুগ্রহ করে 311 নম্বরে ফোন করুন।

বিশ্বস্ততার সাথে,

প্রিন্সিপ্যাল